

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্থা শাখা।

উপঃ
তারিখঃ ২৭/০৩/২০০৭
সংঃ ০৩/০৩/২০০৭
মোঃ রেজাউল করিম

নং-ধর্ম/সংস্থা/৬-৬/২০০৬/

তারিখঃ ০-০৩/০৩/২০০৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের সার্বিক স্বার্থে এবং বিভিন্ন জেলায় অবস্থিত ওয়াকফ সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ, উন্নয়ন, ওয়াকফ চাঁদা আদায়, জেলা আদালতে বিচারাধীন মামলা মোকদ্দমা পরিচালনায় ওয়াকফ প্রশাসনের কার্যক্রমে সার্বিক সাহায্য ও সহযোগিতা প্রদানের নিমিত্ত সরকার নিম্নরূপ "জেলা ওয়াকফ উন্নয়ন কমিটি" গঠন করলেন :

(১)	জেলা প্রশাসক	-	সভাপতি
(২)	পুলিশ সুপার	-	সদস্য
(৩)	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)	-	সদস্য
(৪)	জেলা রেজিস্ট্রার	-	সদস্য
(৫)	উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)	-	সদস্য
(৬)	জিপি (সরকারী আইনজীবী)	-	সদস্য
(৭)	ওয়াকফ পরিদর্শক/ওয়াকফ হিসাব নিরীক্ষক (সংশ্লিষ্ট জেলা)	-	সদস্য-সচিব।

কমিটির কার্যপরিধি :

- ওয়াকফ এস্টেটের সম্পত্তিসমূহের প্রকৃতি ও পরিমাণ যথাযথ তদন্তের মাধ্যমে নির্ধারণ করে ওয়াকফ প্রশাসকের নিকট প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রতিবেদন দাখিল করা ;
- অ-তালিকাভুক্ত ওয়াকফ এস্টেটগুলো তালিকাভুক্তির ব্যবস্থা করা এবং এতদসংক্রান্ত বিষয়ে ওয়াকফ অধ্যাদেশের ৪৭(৫) ধারা অনুযায়ী প্রতিবেদন দাখিল করা ;
- ১৯৬২ সালের ওয়াকফ অধ্যাদেশের ৬৪(১) ধারামতে প্রদত্ত ওয়াকফ প্রশাসনের সিদ্ধান্ত মোতাবেক অবৈধ দখলদারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা ;
- বিভিন্ন আদালতে বিচারাধীন মোকদ্দমগুলো ওয়াকফ এস্টেটের স্বার্থে সরকারী কৌশলী দ্বারা যথাযথভাবে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা ;
- ওয়াকফ এস্টেটের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য আয় বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সহায়তা প্রদানসহ ওয়াকফ প্রশাসনের নিকট সুপারিশ প্রদান করা ;
- ওয়াকফ চাঁদা আদায়ের ক্ষেত্রে স্থানীয় ওয়াকফ পরিদর্শক/ওয়াকফ হিসাব নিরীক্ষকগণকে সহযোগিতা প্রদান করা ;
- ওয়াকফ দপ্তরের বিধানমতে/প্রচলিত বিধিমাতে ধর্মীয় ও জনকল্যাণমূলক কাজে প্রয়োজনীয় ব্যয়ের নিশ্চয়তা বিধানসহ আরো সেবাধর্মী কার্যক্রম জোরদার করণের সুপারিশমালা প্রেরণ করা ;
- কমিটি প্রয়োজন মনে করলে ১ (এক) জন সদস্য কো-অপট করিতে পারবে ;
- প্রস্তাবিত কমিটি প্রতি ২ মাস অন্তর বৈঠক করে কার্যক্রমের অগ্রগতি বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন ওয়াকফ প্রশাসকের বরাবরে পেশ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৫/১ -

(মোঃ রেজাউল করিম)

উপ-সচিব।

উপনিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়